# শরহুল আকীদাহ আল-ওয়াসেতীয়া

বিভাগ/অধ্যায়ঃ আল্লাহ তাআলার সমতুল্য কেউ নেই

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ সালেহ ফাওযান [অনুবাদ: শাইখ আব্দুল্লাহ শাহেদ আল-মাদানী]

---

وَتَعَالَى فَإِنَّهُ أَعْلَمُ بِنَفْسِهِ وَبِغَيْرِهِ তিনি তাঁর নিজের সম্পর্কে এবং অন্যদের সম্পর্কে সর্বাধিক অবগত

وَتَعَالَى فَإِنَّهُ أَعْلَمُ بِنَفْسِهِ وَبِغَيْرِهِ তিনি তাঁর নিজের সম্পর্কে এবং অন্যদের সম্পর্কে সর্বাধিক অবগত: পূর্বে বলা হয়েছে, আল্লাহ তাআলা তাঁর নিজের জন্য যেসব সিফাত সাব্যস্ত করেছেন, তা আল্লাহর জন্য সাব্যস্ত করা আমাদের উপর ওয়াজিব এবং তাঁকে যে কোন মাখলুকের সাথে তুলনা করা যাবেনা। তার কারণ হিসাবে শাইখুল ইসলাম উপরোক্ত কথা বলেছেন। কেননা আল্লাহ তাআলা যেহেতু তাঁর নিজের সম্পর্কে এবং অন্যদের সম্পর্কে সর্বাধিক অবগত, তাই যেসব সিফাত তিনি তাঁর নিজের জন্য সাব্যস্ত করেছেন এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যেসব সিফাত তাঁর প্রভুর জন্য সাব্যস্ত করেছেন, তা সাব্যস্ত করা আমাদের উপর আবশ্যক। কেননা মানুষেরা তাদের জ্ঞানের মাধ্যমে আল্লাহ তাআলাকে পূর্ণরূপে আয়ত্ত ও বেষ্টন করতে অক্ষম। তিনি এমন সিফাতে কামালিয়া তথা সুউচ্চ গুণাবলী দ্বারা গুণান্বিত, যে পর্যন্ত মানুষের জ্ঞান-বুদ্ধি পৌঁছতে পারেনা। সুতরাং তিনি নিজের জন্য যেসব সিফাত সাব্যস্ত করে সন্তুষ্ট হয়েছেন, আমাদেরও তাতে সন্তুষ্ট হওয়া আবশ্যক। তাঁর জন্য যা শোভনীয়, সে সম্পর্কে তিনিই অধিক অবগত আছেন, আমরা তা অবগত নই।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=8476

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন